


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

বিষয়: জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলাধীন বাগজানা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শন প্রতিবেদন

গত ১৮.০২.২০২৪ খ্রি: তারিখ বেলা ৩.০০ ঘটিকায় জয়পুরহাট জেলার পাঁচবিবি উপজেলাধীন বাগজানা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, আকস্মিকভাবে পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : বাগজানা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, পাঁচবিবি, জয়পুরহাট
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৮/০২/২০২৪ খ্রি., বেলা-৩.০০ ঘটিকা
- ০৩। পূর্ববর্তী সর্বশেষ পরিদর্শন প্রতিবেদন আলোকে গৃহীত : প্রযোজ্য নয়
কার্যক্রম
- ০৪। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : এসএসিএমও এর পদ শূন্য
- ০৫। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : সকলে উপস্থিত ছিল
- ০৬। পরিদর্শনকালে কোন stakeholder যদি মতামত/ : প্রযোজ্য নয়
পরামর্শ প্রদান করে থাকে তার সংক্ষিপ্ত বিবরণ
- ০৭। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ : প্রযোজ্য নয়
প্রযোজ্য ক্ষেত্রে)
- ০৮। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : সন্তোষজনক
- ০৯। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : মানসম্মত
- ১০। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে
- ১১। কোন সমস্যা/চাহিদা : প্রযোজ্য নয়
- ১২। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ : এই প্রতিষ্ঠানটি একটি মডেল ক্লিনিক। কেন্দ্রটি সার্বিকভাবে পরিষ্কার পরিচ্ছন্ন। এই কেন্দ্রে কর্মরত FWV কেন্দ্রের আবাসিক ভবনে বসবাস পূর্বক সেবা প্রদান করেন। কেন্দ্রে সেবা নিতে আসা রোগীদের সাথে কথা বলে জানা যায় এখানে কর্মরত সেবাদানকারীগণ কেন্দ্রে আগত রোগীদের সাবক্ষনিক সেবা প্রদান করে থাকেন। একই সাথে তারা গর্ভবতী মায়েরদের ইডিডি তারিখ অনুযায়ী নির্ধারিত সময়ে গর্ভবতী মায়েরদের ফোন কল করে খৌজ নেন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী গ্রহণে উদ্বুদ্ধ করেন। এখানে প্রতিটি রোগীকে আন্তরিক ভাবে সেবা প্রদান করা হয়। এখানে ৭/২৪ ডেলিভারী সেবা চালু রয়েছে। রেজিষ্টার পরীক্ষা করে দেখা যায়, জানুয়ারি/২০২৪ মাসে ৮টি এবং ফেব্রুয়ারি ১৮/০৩/২০২৪ তারিখ পর্যন্ত ৮টি নরমাল ডেলিভারী করা হয়। কেন্দ্রে কৈশোরবান্ধব স্বাস্থ্য সেবা কর্ণারে স্কুলের ছাত্র ছাত্রীদের কৈশোরকালীন স্বাস্থ্য শিক্ষা ও কাজিত সেবা প্রদান করা হয়। কেন্দ্রে কর্মরত সংশ্লিষ্ট সকলকে কাজের অগ্রগতি ও সেবার মান অক্ষুন্ন রাখার জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়া পরিদর্শনকালে দেখা যায়, এ প্রতিষ্ঠানের সংস্কার কাজের জন্য এইচইডি হতে প্রায় ৬ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ঠিকাদার কর্তৃক নিযুক্ত লোকজন সংস্কার কাজ করছেন। উপপরিচালক (পরিবার পরিকল্পনা), জয়পুরহাট এবং পাঁচবিবি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে টেলিফোনে বরাদ্দকৃত অর্থ দ্বারা ভালোভাবে সংস্কার কাজ বুঝে নেওয়ার জন্য অনুরোধ করা হয়।


১৮.০২.২০২৪

(এ, বি, এম, নুরুল আলম)

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬০

Email: population2@mefwd.gov.bd